



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ই-মেইলঃ dgmpd1@krishibank.org.bd
ওয়েবঃ www.krishibank.org.bd
টেলিফোন নম্বরঃ ৯৫৫৩৬৩৭
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১



নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০১৯-২০২০/৭৭৯৮

তারিখ : ১৫.০৩.২০২০ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন ।

প্রিয় মহোদয়


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, সীতাকুন্ড শাখা, চট্টগ্রাম (পশ্চিম) এর সহকারী কেয়ারটেকার জনাব মীর আশরাফ উদ্দিন (এম-২৭৪৩) এর চিকিৎসার উদ্দেশ্যে তার মেয়ে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। জনাব মীর আশরাফ উদ্দিন (এম-২৭৪৩) গত ৩১.০১.২০২০ খ্রিঃ তারিখে ব্রেইন স্ট্রোকে তথা হৃদরোগে আক্রান্ত হয়ে সংজ্ঞাহীন অবস্থায় চট্টগ্রাম মেডিকেল সেন্টার হাসপাতালে ভর্তি হন। তাকে হাসপাতালের আই সি ইউ ও এস ডি ইউ তে রেখে চিকিৎসা প্রদান করা এবং বিশেষজ্ঞ চিকিৎসকের ফি প্রদান বাবদ তার পরিবার ইতোমধ্যে প্রায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা খরচ করেছেন। তার পরিবারে আর কোন উপার্জনক্ষম ব্যক্তি না থাকায় এই ব্যয় বহুল চিকিৎসা খরচ বহন করা তাদের পক্ষে দুঃসাধ্য হয়ে পড়েছে। বর্তমানে অর্থাভাবের কারণে চিকিৎসা চালিয়ে যাওয়া তাঁর পরিবারের পক্ষে সম্ভব হচ্ছে না বিধায় তার মেয়ে জনাব ফারহি আনজুম তানজিলা আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখ করে তার পিতার চিকিৎসার জন্য মানবিক কারণে আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব মীর আশরাফ উদ্দিন (এম-২৭৪৩) এর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, কুমিরা শাখা, চট্টগ্রাম (পশ্চিম) এ পরিচালিত আবেদনকারীর সংশ্লিষ্ট হিসাব নং-২৯২৫-০৩১১০৮৩৩৭৭-এ যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত


১৫.০৩.২০২০
(মোহাম্মদ সেলিম খান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। ব্যবস্থাপক, বিকেবি, সীতাকুন্ড শাখা, চট্টগ্রাম (পশ্চিম)। জনাব ফারহি আনজুম তানজিলা, পিতাঃ জনাব মীর আশরাফ উদ্দিন (এম-২৭৪৩) এর নিকট পত্রের একটি কপি পৌঁছানোর অনুরোধ করা হলো।
- ১০। নথি/অফিস নথি।